# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৫১টি প্রতিষ্ঠানকে ২.৬৫ লক্ষ টাকা জরিমানা

**৩০ আগস্ট ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ময়মনসিংহ, নেত্রকোণা, মুন্সীগঞ্জ, শরীয়তপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, টাঙ্গাইল, ঠাকুরগাঁও, রাজশাহী, পাবনা, ঝিনাইদহ এবং পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কাঞ্চনপুর জেনারেল স্টোরকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে কলমিলতা বাজারকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ঢাকা রাটস এজেন্সীকে **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর আদাবর থানা এলাকায় মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে এম আর ফার্মাকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে সুমন ফুড প্রোডাক্ট ও দাউয়াত চাইনিজ এন্ড ফাস্ট ফুডকে যথাক্রমে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আঞ্জিণা স্টোরকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩২,০০০/- (বত্রিশ হাজার)** টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার মোহনগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, মুন্সীগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে মুন্সীগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসানের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরীফুল ইসলামের নেতৃত্বে টাঙ্গাইলের কালিহাতি উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৭৭,০০০/- (সাতাত্তর হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে ঠাকুরগাঁও সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: হাসান-আল-মারুফের নেতৃত্বে রাজশাহী মহানগর এলাকায় **৮টি** প্রতিষ্ঠানকে **২৮,০০০/- (আটাশ হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ.এস.এম. মাসুম-উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা এবং পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর দুমকি উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকাসহ মোট **৬৯,৫০০/- (উনসত্তর হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Euro Garden Restaurant কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক প্রনব কুমার প্রামানিক কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্বপ্ন সুপার সশকে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৪টি** বাজার তদারকির ও **২টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৫১টি** প্রতিষ্ঠানকে মোট **২,৬৫,৫০০/- (দুই লক্ষ পঁয়ষট্টি হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **২ জন** অভিযোগকারীকে মং **২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে গত ২৯ আগস্ট ২০১৭ তারিখে নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারীর সৈয়দপুর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল ও রংপুর মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, ময়মনসিংহ, নেত্রকোণা, মুন্সীগঞ্জ, শরীয়তপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, টাঙ্গাইল, ঠাকুরগাঁও, রাজশাহী, পাবনা, ঝিনাইদহ এবং পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, ময়মনসিংহ, নেত্রকোণা, মুন্সীগঞ্জ, শরীয়তপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, টাঙ্গাইল, ঠাকুরগাঁও, রাজশাহী, পাবনা, ঝিনাইদহ এবং পটুয়াখালী।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।